

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২২১০

আগরতলা, ১৭ সেপ্টেম্বর, ২০ ১৮

প্রধানমন্ত্রীর নতুন ভারত গড়ার
স্বপ্ন পূরণ হবে : মুখ্যমন্ত্রী

আজ দেশের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির জন্মদিনটিকে সারা দেশের সাথে এ রাজ্যেও সেবা দিবস হিসাবে পালন করা হচ্ছে। এ উপলক্ষে রাজ্যের বিভিন্ন প্রান্তে স্বচ্ছ ভারত অভিযান, স্বাস্থ্য শিবির ইত্যাদির আয়োজন করা হয়েছে। আজ ধলেশ্বরস্থিত প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে ও শীলংকাবস্তিস্থিত দক্ষিণ চন্দ্রপুর জেবি স্কুলে স্বাস্থ্য দপ্তর আয়োজিত স্বাস্থ্য শিবির পরিদর্শন করে সাংবাদিকদের এই কথা বলেন মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব। তিনি বলেন, আমাদের দেশের প্রধানমন্ত্রী ভারতবর্ষকে এক নতুন দিশা দিতে চাইছেন। প্রযুক্তিগত শিক্ষা এবং জনকল্যাণমূলক বিভিন্ন কর্মসূচির মাধ্যমে এই দিশা দেখানো হচ্ছে। আজ প্রধানমন্ত্রীর জন্মদিনকে কেন্দ্র করে রাজ্যের ৮টি জেলায় ২৪টি স্বাস্থ্য শিবিরের আয়োজন করা হয়েছে। এই শিবিরগুলিতে সংশ্লিষ্ট এলাকার জনগণকে স্বাস্থ্য পরীক্ষা করে বিনামূল্যে ঔষধ প্রদান করা হবে। ভারতের প্রধানমন্ত্রী ডিজিটাল ইন্ডিয়ার মাধ্যমে নতুন প্রযুক্তি প্রয়োগ করে দেশের যুবশক্তিকে স্বরোজগার করার লক্ষ্যে কাজ করছে।

মুখ্যমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী যেভাবে দেশের সেবা করছেন তাতে আমাদের দেশ বিভিন্ন ক্ষেত্রে উন্নতির পথে অগ্রসর হচ্ছে। প্রধানমন্ত্রীর এই প্রচেষ্টা সারা বিশ্বে ভারতকে এক নতুন দিশা দেখাবে বলে মুখ্যমন্ত্রী প্রত্যয় ব্যক্ত করেন। তিনি বলেন, আজ আমাদের রাজ্যে উৎসাহ-উদ্দীপনার সঙ্গে বিশ্বকর্মা পূজা পালন করা হচ্ছে। এই উপলক্ষে তিনি সকল রাজ্যবাসীর প্রতি শুভেচ্ছা জ্ঞাপন করে রাজ্যের কল্যাণের জন্য প্রার্থনা করেছেন। পাশাপাশি প্রধানমন্ত্রী নতুন ভারত গড়ার যে স্বপ্ন দেখছেন তা পূরণ হবে বলে আশা ব্যক্ত করেন।

এদিকে, মুখ্যমন্ত্রী আজ সকাল ৭টায় মঠচৌমুহনী বাজারের ব্যবসায়ীদের উদ্যোগে আয়োজিত স্বচ্ছ ভারত অভিযানের অঙ্গ হিসাবে সাফাই অভিযানে অংশগ্রহণ করেন। এই সাফাই অভিযানকে কেন্দ্র করে মঠচৌমুহনী বাজারের ব্যবসায়ীসহ এলাকার জনগণের মধ্যে ব্যাপক উৎসাহ-উদ্দীপনা লক্ষ্য করা গেছে। এই সাফাই অভিযান ও স্বাস্থ্য শিবির পরিদর্শনে মুখ্যমন্ত্রীর সঙ্গে বিধায়ক ডা. দিলীপ দাস, স্বাস্থ্য দপ্তরের সচিব সমরজিৎ ভৌমিক, সদর মহকুমা শাসক জয়ন্ত দে প্রমুখ উপস্থিত ছিলেন।
